



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/28/2024

গভর্নর ক্যাথি হোকল

গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে গভর্নর হোকল নিউ ইয়র্কের কৃষি শিল্পখাতকে সমর্থন করার জন্য বিধিমালায় স্বাক্ষর করলেন

S.6320/A.6821 গাছ ট্যাপিং এবং রস উৎপাদনের উদ্দেশ্যে দশ বছর পর্যন্ত স্টেটের জমিকে লীজ দেওয়ার অনুমতি প্রদান করে

S.9232/A.10199 ফসল হারানোর কারণে প্রয়োজন হলে স্টেটের লেবেলযুক্ত সাইডারের জন্য নিউ ইয়র্কের বাইরে ফলানো আপেল ব্যবহারের অনুমোদন প্রদান করে

S.9248/A.7020A নতুন কৃষকের কৃষি উপদেষ্টা বোর্ড প্রতিষ্ঠা করে

গভর্নর ক্যাথি হোকল আজকে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে (Great New York State Fair) বিধিমালার তিনটি অংশে স্বাক্ষর করেন যা স্টেটের কৃষি শিল্পখাতের সংস্থান ও সুরক্ষাকে সম্প্রসারিত করবে। বিধিমালা S.6320/A.6821 ম্যাপল উৎপাদনকারীর মতো উৎপাদনকারীদের বিনিয়োগের মুনাফা বৃদ্ধি করতে গাছ ট্যাপিং এবং রস উৎপাদনের কাজে ব্যবহারের জন্য দশ বছর পর্যন্ত স্টেটের জমিকে লীজ দেওয়ার অনুমতি প্রদান করে। বিধিমালা S.9232/A.10199 লাইসেন্সধারী খামারের ওয়াইনারিকে বিশেষ পরিস্থিতিতে স্টেটের লেবেলযুক্ত সাইডার প্রস্তুত বা বিক্রি করার জন্য নিউ ইয়র্ক স্টেটের বাইরে ফলানো আপেল ব্যবহার করার অনুমতি প্রদান করে। S.9248/A.7020A নতুন কৃষকের কৃষি উপদেষ্টা বোর্ড (Beginning Farmer Advisory Board on Agriculture) প্রতিষ্ঠা করে।

"স্টেট ফেয়ারকে উদযাপন করার সময় আমরা এটি স্বীকার করছি যে নিউ ইয়র্কের কৃষি আমাদের স্টেটের অর্থনীতির একটি কেন্দ্রীয় উপাদান," **গভর্নর হোকল বলেন।** "এই বিধিমালাটি স্বাক্ষর করার মাধ্যমে আমরা এই সম্প্রদায়কে উৎসাহিত করার আমাদের মিশনকে অব্যাহত রাখছি এবং প্রমাণ করছি যে তাদেরকে প্রতিটি ধাপে সমর্থন করার জন্য আমরা আছি।"

বিধিমালা S.6320/A.6821 সর্বোচ্চ দশ বছরের মেয়াদকালের জন্য গাছের ট্যাপিং এবং রস উৎপাদনের উদ্দেশ্যে স্টেটের জমিকে লীজ প্রদান বা ব্যবহার করার জন্য চুক্তিতে প্রবেশ করার অনুমোদন পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনারকে প্রদান করে।

বিধিমালা S.9232/A.10199 খামারের ওয়াইনারিকে ফসল হারানোর নির্ণয় প্রদান করে যাতে ফসল হারানোর কারণে প্রয়োজন হলে স্টেটের লেবেলযুক্ত সাইডারের জন্য নিউ ইয়র্ক স্টেটের বাইরে উৎপন্ন আপেল ব্যবহার করার অনুমোদন প্রদান করা যায়।

স্টেটের সিনেটর র্‌য়াচেল মে বলেন, "আমাদের ম্যাপল গাছ ট্যাপিং বিধিমালাটি নিউ ইয়র্কের ম্যাপল শিল্পখাতের বিকাশ ও সমৃদ্ধি অব্যাহত রাখতে সাহায্য করার একটি দারুণ উপায়। 10 বছরের লীজের অনুমতি ম্যাপল শিল্পখাত যেভাবে কাজ করে সেই বাস্তবতার সাথে মানানসই, এবং সাধারণ বুদ্ধির এই বিধিমালাটিকে আইন করতে পেরে আমি খুশি। আজকে নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে স্বাক্ষর করার মাধ্যমে বিলটির উপর আলোকপাত করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ, এবং এই বিলে তার অংশীদারিত্বের জন্য অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডোকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডো বলেন, "আজকে গুরুত্বপূর্ণ এইসব কৃষি পদক্ষেপকে স্টেটের আইন হিসেবে স্বাক্ষর করার এই সুযোগটি গ্রহণ করার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই। গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে এটি করার ফলে আমরা নিউ ইয়র্কের অর্থনীতিতে কৃষির কেন্দ্রীয় ভূমিকার কথা এবং কীভাবে ফেয়ারটি আমাদের কৃষক ও উৎপাদনকারীদের জন্য একটি উদযাপন সেই কথা স্মরণ করতে পারি। নিউ ইয়র্কের নতুন কৃষকদের সমর্থন করা, এবং সেই সাথে আমাদের ম্যাপল ও আপেল উৎপাদনকারীদের সাহায্য করা হলো নিউ ইয়র্কের কৃষি সম্পর্কিত সকল বিষয়ের প্রতি আমাদের প্রতিশ্রুতির অংশ।"

বিধিমালা S.9248/A.7020A নতুন কৃষকের কৃষি উপদেষ্টা বোর্ড প্রতিষ্ঠা করে যার লক্ষ্য হলো খামারে নতুন প্রবেশকারী নিয়ে আসার ব্যাপারে স্টেটের প্রয়াসকে অগ্রসর করবে এমন একটি পরিকল্পনা বাস্তবায়ন করা।

স্টেটের সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "বয়স্ক কৃষকেরা যখন অবসর গ্রহণ করে তখন বাণিজ্যে প্রবেশ এবং সফল ব্যবসা প্রতিষ্ঠা করার ক্ষেত্রে নতুন কৃষকদের প্রতি আমাদের স্টেটের সহায়তার উপর নিউ ইয়র্কের খাদ্য সরবরাহের ভবিষ্যৎ নির্ভর করে। যারা খাদ্য উৎপাদনে নিজেদের জীবন উৎসর্গ করছে তাদের আমাদের পূর্ণ সমর্থন প্রয়োজন, ঠিক যেমন স্থিতিশীল ও স্থানীয় খাদ্য সরবরাহ নিশ্চিত করার জন্য আমাদের তাদের দক্ষতার প্রয়োজন। আমাদের বিলটি নতুন কৃষকের কৃষি উপদেষ্টা বোর্ডের নাম পরিবর্তন করে এবং সদস্যপদ সম্প্রসারিত করে, আমরা যাতে কার্যকরভাবে উদীয়মান কৃষকদের চাহিদা পূরণ করতে পারি এবং নিউ ইয়র্কের কৃষি ভবিষ্যতের জন্য একটি দৃঢ় ভিত্তি স্থাপন করতে পারি তা নিশ্চিত করতে বোর্ডের ভূমিকা বৃদ্ধি করে। অ্যাসেম্বলি সদস্য লুপার্ডোর সাথে এই বিধিমালার পক্ষে কাজ করতে পেরে আমি গর্বিত এবং এটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

###

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)